

**চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন**  
**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪১/২০১৪

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ ঃ ০৫/০৬/২০১৪খ্রিঃ

২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বাংলা

**আমদানি/রপ্তানিকারক কর্তৃক সিএন্ডএফ এজেন্ট-কে প্রদত্ত অথরাইজেশন লেটার**  
**আমদানি/রপ্তানি পণ্য চালানের দলিলাদির সাথে দাখিল প্রসঙ্গে**

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, চট্টগ্রাম কাস্টম হাউসে জাল-জালিয়াতি রোধ করে শুদ্ধায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ এবং অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সাথে গত ২৮/০৫/২০১৪ তারিখ অনুষ্ঠিত যৌথ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী, আমদানি/রপ্তানিকারক কর্তৃক মনোনীত সিএন্ডএফ এজেন্ট-কে আমদানি/রপ্তানিকারক কর্তৃক ইস্যুকৃত অথরাইজেশন লেটার সরবরাহ করতে হবে। উক্ত অথরাইজেশন লেটার প্রতিটি আমদানি/রপ্তানি পণ্য চালানের দলিলাদির সাথে দাখিল করতে হবে।

এমতাবস্থায় সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে এখন থেকে চট্টগ্রাম কাস্টম হাউসে দাখিলকৃত প্রতিটি আমদানি/রপ্তানি পণ্য চালানের দলিলাদির সাথে উপরে বর্ণিত অথরাইজেশন লেটার দাখিল করার জন্য অনুরোধ জানাচ্ছি।

অথরাইজেশন লেটারের নমুনা আপনাদের ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে অপর পৃষ্ঠায় প্রদান করা হল।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

(আমদানি/রপ্তানিকারকের লেটার হেড)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস

চট্টগ্রাম।

বিষয় : সি এন্ড এফ এজেন্ট মেসার্স ..... কে আমদানি/রপ্তানি সংক্রান্ত  
কার্যাদি সম্পাদনে দায়িত্ব অর্পণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমার/আমাদের প্রতিষ্ঠানের আমদানি/রপ্তানি সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম কাস্টম হাউস এ বি/ই  
দাখিলসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্য সম্পাদনের জন্য সি এন্ড এফ এজেন্ট মেসার্স .....  
ঠিকানা - ..... কে দায়িত্ব অর্পণ করলাম।

এ বিষয়ে তাদেরকে সহযোগিতা প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(স্বাক্ষরকারীর নাম)

পদবী